

যুগান্তর

05 AUG 2007  
সংখ্যা ৪

বিশেষ  
৪

## সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে নানা অনিয়ম

সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, হ্যা, মেডিকেল কলেজ যা ১৮ বছর ধরে ডিগ্রি কলেজ নামে পরিচিত। কিন্তু কেন? কেন সরকারি মেডিকেল কলেজ হওয়া সত্ত্বেও এটি ডিগ্রি কলেজ নামে পরিচিত? কেন এখন ডাক্তাররা ইন্টার্নি ভাতা পান না? পদ খাদি থাকে সত্ত্বেও কেন এখন যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করা হচ্ছে না? কেন লেখাপড়া শেষ কন্সার পর একজন ডাক্তারের কর্মসংস্থানের ব্যবস্থা হচ্ছে না? কেন কলেজটিকে স্থায়ীভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হচ্ছে না? কেন আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে গিয়ে পরীক্ষা দিয়ে আসতে হয়? কেন হামপাতালে প্যামফ্লিক্যাল পরীক্ষা চালু করা হচ্ছে না? কেন ছাত্র কৃতির ব্যবস্থা করা হচ্ছে না? কলেজ প্রতিষ্ঠার ১৮ বছর পার হয়ে গেলেও এখন সমস্যার কোন সমাধান হয়নি। কিন্তু কেন? এত কেন? কি কোন উত্তর নেই? অবশ্যই আছে। নিচয়ই কোন স্বার্থবাদী বা দুর্নীতিবাজ ব্যক্তির

বা বিগত সরকারগুলোর উদাসীনতার ফল এটি। যার মাসুল দিতে হচ্ছে আমাদের অর্থাৎ ছাত্রছাত্রীদের। কিন্তু কেন এই উদাসীনতা? অন্যান্য সরকারি মেডিকেল কলেজ যেসব সুবিধা পাচ্ছে, আমরা কেন সেসব সুবিধা পাব না? আমাদের কি সে অধিকার নেই? নাকি হোমিওপ্যাথিক কলেজ বলে? যদি হোমিওপ্যাথিক এত অবহেলা করা হয় তবে কেন সরকারিভাবে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ স্থাপন করা হয়? আর যদি স্থাপনই করা হল তবে কেন আমরা অন্যান্য সরকারি মেডিকেল কলেজের মতো সব সুবিধা পাব না? আমি এ ব্যাপারে প্রধান উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেভাবে দুর্নীতিবাজদের দমন সুদৃষ্টি দিয়েছেন, তেমনি যেন আমাদের কলেজের প্রতি দৃষ্টি দিয়ে সব সমস্যা সমাধানের ব্যবস্থা করেন।  
আসমা আক্তার ১৭তম বাচ্